

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৫১৪

৩৫/ কিয়ামত ও মর্মস্পর্শী বিষয় (الله عن رسول الله عن رسول الله عن رسول الله) পরিচ্ছেদঃ ৫৯. (রাস্লুল্লাহ সাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম-এর সামনে সাহাবীগণের এক অবস্থা এবং পরে অন্য অবস্থা)

## আরবী

حَدَّثَنَا بِشِّرُ بِنُ هِلاَلِ الْبَصْرِيُّ، حَدَّثَنَا جَعْفَرُ بِنُ سُلَيْمَانَ، عَنْ سَعِيدِ الْجُرَيْرِيِّ الْمَعْنَى، وَاحِدٌ، عَنْ أَبِي عُثْمَانَ النَّهِدِيِّ، عَنْ حَنْظَلَةَ الأَسْيْدِيِّ، وَكَانَ، مِنْ الْجُرَيْرِيِّ الْمَعْنَى، وَاحِدٌ، عَنْ أَبِي عُثْمَانَ النَّهْدِيِّ، عَنْ حَنْظَلَةَ الأَسْيْدِيِّ، وَكَانَ، مِنْ الْجُرَيْرِيِّ الْمَعْنَى، وَاحِدٌ، عَنْ أَبِي عُثْمَانَ النَّهْدِيِّ، عَنْ حَنْظَلَةَ الأَسْيْدِيِّ، وَكَانَ، مِنْ كُتَّابِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ مَرَّ بِأَبِي بَكْرٍ وَهُوَ يَبْكِي فَقَالَ مَا لَكَ يَا حَنْظَلَةُ قَالَ نَافَقَ حَنْظَلَةُ يَا أَبًا بَكْرٍ نَكُونُ عِنْدَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يُذَكِّرُنَا بِالنَّارِ وَالْجَنَّةِ كَأْنًا إِلَى الأَزْوَاجِ وَالصَيْعَةِ نَسِينَا كَثِيرًا . قَالَ فَوَاللَّهِ إِنَّا لَكَذَلِكَ كَأَنًا رَأْى عَيْنِ فَإِذَا رَجَعْنَا إِلَى الأَزْوَاجِ وَالصَيْعَةِ نَسِينَا كَثِيرًا . قَالَ فَوَاللَّهِ إِنَّا لَكَذَلِكَ الْطَلِقُ بِنَا إِلَى رَسُولِ النَّهِ صلى الله عليه وسلم . فَانْطَلَقْنَا فَلَمَّا رَآهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم . فَانْطَلَقْنَا فَلَمَّا رَآهُ رَسُولُ اللَّهِ مَلى الله عليه وسلم قالَ " مَا لَكَ يَا حَنْظَلَةُ " . قَالَ نَافَقَ حَنْظَلَةُ يَا رَسُولُ اللَّهِ نَكُونُ عَيْنٍ فَإِذَا رَجَعْنَا عَافَسْنَا الأَرْوَاجَ وَالضَيْعَةَ وَنَسِينَا كَثِيرًا الله عليه وسلم قالَ الله عليه وسلم " لَوْ تَدُومُونَ عَلَى الْمَارِئِكَةُ فِي مَجَالِسِكُمْ وَفِي طُرُقِكُمْ وَعَلَى فُرُسُكُمْ وَلَكِنْ يَا مَنْ عِنْدِي لَصَافَةَ وَسَاعَةً وَسَاعَةً وَسَاعَةً فِي مَجَالِسِكُمْ وَفِي طُرُقِكُمْ وَعَلَى فُرُسُكُمْ وَلَكِنْ يَا حَنْظَلَةُ سَاعَةً وَسَاعَةً وَسَاعَةً " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحَدِحٌ .

## বাংলা

২৫১৪। হান্যালা আল-উসাইদী (রাঃ) হতে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সচিবগণের অন্তর্ভুক্ত ছিলেন। তিনি কোন একদিন কাঁদতে কাদতে আবৃ বকর (রাঃ)-এর সম্মুখ দিয়ে যাচ্ছিলেন। আবৃ বকর (রাঃ) তাকে প্রশ্ন করেন, হে হান্যালা! তোমার কি হয়েছে? তিনি বললেন, হে আবৃ বকর! হান্যালা তো মুনাফিক হয়ে গেছে। আমরা যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর মাজলিসে অবস্থান করি এবং তিনি আমাদেরকে জান্নাত-জাহান্নামের স্মরণে নাসীহাত করেন, তখন মনে হয় যেন আমরা সেগুলো স্বচক্ষে দেখছি। কিন্তু বাড়ী ফিরে আসার পর স্ত্রী-পুত্র-পরিজন ও বিষয়-সম্পদের কাজে ব্যাকুল হয়ে পড়ি এবং অনেক কিছুই ভুলে যাই।



আবৃ বকর (রাঃ) বললেন, আল্লাহর শপথ! আমাদেরও তো এই অবস্থা। চলো আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট যাই। তারপর আমরা সেদিকে যাত্রা শুরু করলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাকে দেখে প্রশ্ন করেন, হে হানযালা! কি সংবাদ? তিনি বললেন, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম! হানযালা তো মুনাফিক্ হয়ে গেছে।আমরা যখন আপনার নিকটে থাকি আর আপনি প্রত্যক্ষভাবে দেখছি। পরে যখন বাড়ী ফিরে গিয়ে স্ত্রী-পুত্র-পরিজন ও বিষয় সম্পদের কাজে ব্যাকুল হয়ে পড়ি তখন অনেক কিছুই ভুলে যাই।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা আমার নিকট হতে যে অবস্থায় ফিরে যাও, যদি সবসময় এই অবস্থায় থাকতে তাহলে অবশ্যই তোমাদের বৈঠকে, বিছানায় এবং পথে-ঘাটে ফেরেশতারা তোমাদের সাথে মুসাফাহা (করমর্দন) করতো। হে হান্যালা! সেই অবস্থা মাঝে মধ্যে হয়ে থাকে।

সহীহঃ ইবনু মা-জাহ (৪২৩৬), মুসলিম।

আবু ঈসা বলেন, এই হাদীসটি হাসান সহীহ।

## **English**

Abu 'Uthman narrated from Hanzalah Al-Usaidi – and he was one of the scribes of the Messenger of Allah (s.a.w)- that he passed by Abu Bakr while he was crying, so he(Abu Bakr) said to him:

"What is wrong with you, O Hanzalah?" He replied: "Hanzalah has become a hypocrite O Abu Bakr! When we are with the Messenger of Allah (s.a.w) we remember the Fire and Paradise as if we are looking at them with the naked eye. But when we return we busy ourselves with our wives and livelihood and we forget so much." He(Abu Bakr) said: "By Allah! The same thing happens to me. Let us go to the Messenger of Allah (s.a.w)." (Hanzalah said:) "So he went." When the Messenger of Allah (s.a.w) saw him, he said: "What is wrong with you O Hanzalah?" He said: "Hanzalah has become a hypocrite O Messenger of Allah! When we are with you we remember the Fire and Paradise as if we can see them with the naked eye. But when we return we are busy with our wives and livelihood, and we forget so much." He said: "So the Messenger of Allah (s.a.w) said: 'If you were to abide in the state that you are in when you are with me, then the Angels would shake hands with you in your gatherings, and upon your bedding, and in your paths. But O Hanzalah! There is a time for this and a time for that.'" (Sahih)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ হান্যালাহ বিন রাবী উসাইয়িদী (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=41153}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন